দৈনিক ইত্তেফাক

তারিখ ... 21 DEC 1990 ...
পৃষ্ঠা ... ২২ কলাম ... ৬

36

## বিভিন্ন ভর্তি পরীক্ষার সময়সূচী

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ১৯৮৯-৯০ সালের ৩য় বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর আল-কুরআন ওয়া উলুমুল কুরআন, উলুমুত তাওহীদ ওয়াদ দাওয়া, হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগের পরীক্ষায় অবতীর্ণ ছাত্রদের চূড়ান্ত ফল প্রকাশ সাপেক্ষে প্রচলিত নিয়ম অনুযায়ী স্নাতকোত্তর শ্রেণীতে ভর্তি করা হইবে। আগামী ২৬শে ডিসেম্বর পর্যন্ত রেজিষ্ট্রার অফিস হইতে প্রাপ্তব্য ভর্তি ফরম পূরণ করিয়া স্ব স্ব বিভাগীয় প্রধানের অফিসে জমা দিতে হইবে। আগামী ১লা জানুয়ারী হইতে ৭ই জানুয়ারী পর্যন্ত বিলম্ব ফি ব্যতিরেকে স্নাতকোত্তর শ্রেণীতে ভর্তি হওয়া যাইবে।

### হোমিওপ্যাথি বোর্ড

বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ডের ১৯৮৯-৯০ শিক্ষা বর্ষের ডি এইচ এম এস ১ম, ২য় ও ৩য় বর্ষের বার্ষিক এবং চূড়ান্ত (৪র্থ) বর্ষের পরীক্ষা আগামী ৫ই জানুয়ারী হইতে অনুষ্ঠিত হইবে।

### কৃষি ভার্সিটির স্থগিত পরীক্ষার সময়সূচী

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের স্থগিত ঘোষিত কয়েকটি পরীক্ষা আগামী ২২শে ডিসেম্বর পুনরায় শুরু হইবে। পরীক্ষাসমূহ হইতেছে : ১৯৮৮ সনের বি এস সি ফিশারিজ (অনার্স) প্রথম পর্ব সাপ্লিমেন্টারী, বিএসসি এজি ইকন (অনার্স) দ্বিতীয় পর্ব ১ম ক্যারিওভার, বিএসসি এ এইচ (অনার্স) ৩য় পর্ব, বিএসসি এ এইচ (অনার্স) ২য় পর্ব ব্যবহারিক ১৯৮৯ সনের বিএসসি এজি ইকন (অনার্স) প্রথম পর্ব এবং ১৯৮৭ সনের বিএসসি এগ্রি ইঞ্জি (অনার্স) তৃতীয় পর্ব দ্বিতীয় ক্যারিওভার ব্যবহারিক ও বিএসসি এগ্রি ইঞ্জি (অনার্স) ফাইনাল দ্বিতীয় ক্যারিওভার ব্যবহারিক পরীক্ষা।

ইহাছাড়া পূর্বে স্থগিত ঘোষিত ১৯৮৮ সালের বিএসসি এ এইচ (অনার্স) ফাইনাল পরীক্ষা আগামী ১লা জানুয়ারী ; ১৯৮৮-র বিএস সি ফিসারিজ (অনার্স) দ্বিতীয় পর্ব পরীক্ষা ১০ই জানুয়ারী এবং ১৯৮৯'র বিএসসি এ এইচ (অনার্স) প্রথম পর্ব পরীক্ষা ১৩ই জানুয়ারী অনুষ্ঠিত হইবে। সংশ্লিষ্ট সকল পরীক্ষার বিস্তারিত সময়সূচী অচিরেই জানান হইবে। —প্রেস বিজ্ঞপ্তি।